

বিশেষ অনুশীলন-১

শ্রেণিঃ ষষ্ঠি

সময়ঃ১ ঘণ্টা ১৫ মিনিট

বিষয়ঃ বাংলা

পূর্ণমানঃ ৫০

সৃজনশীল

১। মনির সাহেব একজন ব্যবসায়ী। মনির সাহেব তার বন্ধু রবিনকে কিছু টাকা ধার দেন। কিন্তু কিছু দিন পরে তিনি টাকা ফেরত চাইলে রবিন টাকা ধারের কথা অঙ্গীকার করে।	
(ক) মুহম্মদ শহীদুল্লাহ্ সম্পাদিত শিশু—পত্রিকার নাম কী?	১
(খ) “তোমার জিনিস তোমারই থাক”- ফেরেশতা একথা কেন বলেছিলেন?	২
(গ) উদ্দীপকের রবিন চরিত্রের সঙ্গে ‘সততার পুরস্কার’ গল্পের কোন কোন চরিত্রের সাদৃশ্য আছে? ব্যাখ্যা কর।	৩
(ঘ) “উদ্দীপকের বিষয়বস্তু ‘সততার পুরস্কার’ গল্পের মূল ভাবকে ধারণ করে না”- উক্তিটি বিশ্লেষণ কর।	৪
২। জনাব ‘ক’ তার বাবার একমাত্র সন্তান। বাবার মৃত্যুর পরে অটেল সম্পত্তির মালিক হন তিনি। এতো সম্পত্তির মালিক হওয়া সত্ত্বেও আশেপাশের মানুষের দুর্দিনে কাউকে সাহায্য করেন না। সবসময় তিনি নিজেকে নিয়ে ব্যস্ত থাকেন, নিজের কল্যাণ নিয়ে ভাবতে থাকেন এবং সুধী হওয়ার চেষ্টা করেন।	
(ক) ‘সুখ’ কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?	১
(খ) “পরের কারণে মরণেও সুখ”- কবি কেন এ কথা বলেছেন?	২
(গ) জনাব ‘ক’ এর ভাবনাটি ‘সুখ’ কবিতার কোন বিপরীত ভাব প্রকাশ করে তা ব্যাখ্যা কর।	৩
(ঘ) “আত্মকেন্দ্রিক স্বার্থপূর ও সমাজবিচ্ছিন্ন মানুষ প্রকৃত সুধী নয়”- উদ্দীপক ও ‘সুখ’ কবিতার আলোকে বিশ্লেষণ কর।	৪

বহুনির্বাচনি

১। ‘মিনু’ গল্পটি কে লিখেছেন?

- (ক) বনফুল (খ) রফিকুল ইসলাম (গ) মুহম্মদ শহীদুল্লাহ্ (ঘ) সৈয়দ মুজতবা আলী

২। মুহম্মদ শহীদুল্লাহ্ কত সালে জন্মগ্রহণ করেন?

- (ক) ১৭৮৫ (খ) ১৮৮৫ (গ) ১৭৮৪ (ঘ) ১৮৮৪

৩। ‘নূর’ শব্দটির অর্থ কী?

- (ক) আলো (খ) অন্ধকার (গ) সমুদ্র (ঘ) আকাশ

৪। ইহুদি তিনজনের শারীরিক ক্রটি কীভাবে দূর হলো?

- (ক) চিকিৎসায় (খ) ঝাড়-ফুঁকে (গ) ফেরেশতার অনুগ্রহে (ঘ) অনুকূল আবহাওয়ায়

৫। হ্যরত মূসা (আ) প্রবর্তিত ধর্মের অনুসারীদের কি বলা হয়?

- (ক) হিন্দু (খ) ইহুদি (গ) খ্রিস্টান (ঘ) বৌদ্ধ

৬। বনফুল রচিত ‘অনুগামিনী’ কোন শ্রেণির গ্রন্থ?

- (ক) উপন্যাস (খ) নাটক (গ) কাব্য (ঘ) গল্প

নিচের উদ্দীপকটি পড় এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাওঃ

রূপালি কাজের মেয়ে হলেও কেউ তাকে কাজের মেয়ে বলে না। গৃহকর্তা তাকে কাজের ফাঁকে বিদ্যালয়ে পাঠায়।

কথা-বার্তা, কাজে-কর্মে ও পোশাকে চাল চলনে যেন সে গৃহকর্তারই মেয়ে।

৭। রূপালির সাথে মিনু চরিত্রের তুলনার ভিত্তিতে বলা যায় যে-

i . দুইজন গৃহকর্তাই একই রকমের

ii . দুইজন গৃহকর্তাই দুই ধরণের

iii . রূপালি মিনুর মতো প্রতিবন্ধী ও বঞ্চিত নয়

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i , ii ও iii

৮। ক্রপালির মতো মিনুদের প্রতি সহানুভূতিশীল হলে-

- i . সমাজে সমতা প্রতিষ্ঠা হবে
- ii . অনাথ ও প্রতিবন্ধীরা ভালো জীবনযাপন করবে
- iii . মানবিকতার জয় হবে

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i , ii ও iii

৯। ‘জন্মভূমি’ কবিতায় মূলত কোন দিকটিকে গুরুত্ব দেওয়া হয়েছে?

- (ক) বিশ্বপ্রেম (খ) দেশপ্রেম (গ) ধন-সম্পদ (ঘ) জগতের সৌন্দর্য

১০। “ওই আলোতে নয়ন রেখে মুদব নয়ন শেষে” – বলতে কবি কী বুঝিয়েছেন?

- (ক) এদেশেই তিনি চির নিদ্রায় শায়িত হতে চান (খ) এদেশেই তিনি ঘুমাতে চান
- (গ) এদেশেই তিনি বাস করতে চান (ঘ) এদেশকেই তিনি ভালোবাসতে চান

নিচের উদ্ধীপকটি পড় এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও

বিদেশে পড়তে এসে বিভার মনে পড়ে নিজ দেশের সবুজ প্রকৃতির কথা, আকাশ-অরণ্য ও পাখিদের কথা এবং মায়ের ও শিক্ষকদের স্নেহমাখা বকুনির কথা। বিভা ভাবে তার নিজের দেশের মতো সুন্দর দেশ পৃথিবীর আর কোথাও নেই।

১১। বিভার অনুভূতির সাথে তোমার পাঠ্যবইয়ের কোন কবিতার মিল পাওয়া যায়?

- (ক) জন্মভূমি (খ) সুখ (গ) বিঞ্চেফুল (ঘ) মানুষ জাতি

১২। উদ্ধীপকের সাথে উক্ত কবিতার সাদৃশ্য-

- i . প্রকৃতি ভাবনায়
- ii . স্বদেশপ্রেমে
- iii . নিজ দেশের প্রতি মুক্তিতায়

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i , ii ও iii

১৩। মানুষ প্রকৃত সুখী হতে পারে না কখন?

- (ক) ধন-সম্পদ লাভ না করলে (খ) ধন-সম্পদ লাভ করলে
- (গ) সমাজ বিছিন্ন হলে (ঘ) জীবনকে তুচ্ছ মনে করলে

১৪। ‘জিনিবে’ শব্দটির অর্থ কী?

- (ক) জয় করবে (খ) লাভ করবে (গ) ত্যাগ করবে (ঘ) লড়াই করবে

১৫। কবি কামিনী রায় কোথায় মৃত্যুবরণ করেন?

- (ক) বাখরগঞ্জে (খ) বাসগ্রাম (গ) বরিশালে (ঘ) কলকাতায়

১৬। ‘সুখ’ কবিতায় পারম্পারিক ত্যাগের মধ্য দিয়ে কী গড়ে ওঠার কথা বলা হয়েছে?

- (ক) সভ্যতা (খ) সংস্কৃতি (গ) মূল্যবোধ (ঘ) মানবসমাজ

১৭। কোনটি ভাষার উপাদান নয়?

- (ক) বাগ্ধৰনি (খ) বাগর্থ (গ) আওয়াজ (ঘ) বাক্য

১৮। ব্যঙ্গনৰ্ধনি উচ্চারণে কয়টি বিষয় বিশেষভাবে খেয়াল করতে হয়?

- (ক) ২ টি (খ) ৩ টি (গ) ৪ টি (ঘ) ৫ টি

১৯। ভৌগোলিক ব্যবধান বা অঞ্চলভেদে ভাষার যে-বৈচিত্র্য তাকে কি ভাষা বলে?

- (ক) কথ্যভাষা (খ) উপভাষা (গ) প্রমিত ভাষা (ঘ) ব্যক্তিভাষা

২০। ভাষার শব্দ ও বাক্যের অর্থের আলোচনাকে কী বলে?

- (ক) ধ্বনি (খ) শব্দ (গ) বাক্য (ঘ) বাগর্থ

২১। কোন ভাষার সীমাবদ্ধতা আছে?

(ক) লিখিত ভাষার (খ) ইশারা ভাষার (গ) মৌখিক ভাষার (ঘ) সব কটি

২২। সাধুভাষার জনক কে?

(ক) রবীন্দ্রনাথ ঠাকুর (খ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
(গ) রাজা রামমোহন রায় (ঘ) সুনীতিকুমার চট্টোপাধ্যায়

২৩। ভাষার প্রধান উপাদান কতটি?

(ক) ২ টি (খ) ৩ টি (গ) ৪টি (ঘ) ৫টি

২৪। বাগ্যন্ত্রের সাহায্যে আমরা কী উৎপাদন করি?

(ক) ধ্বনি (খ) বর্ণ (গ) শব্দ (ঘ) বাক্য

২৫। একই সময়ে মুখ ও নাক দিয়ে বের হয়ে যে ধ্বনি উচ্চারিত হয়, তাকে কী বলে?

(ক) উচ্চ-মধ্য স্বরধ্বনি (খ) অনুনাসিক স্বরধ্বনি
(গ) মৌখিক স্বরধ্বনি (ঘ) নিম্ন-মধ্য স্বরধ্বনি

২৬। ঘর্ণজাত ধ্বনি আর কী ধ্বনি হিসেবে পরিচিত?

(ক) নাসিক্য (খ) স্পষ্ট (গ) শিস (ঘ) কম্পিত

২৭। বাংলা ব্যঙ্গনবর্ণ কয়টি?

(ক) ৩৭ (খ) ৩৮ (গ) ৩৯ (ঘ) ৪০

২৮। বাংলা বর্ণমালায় স্বরবর্ণের কয়টি রূপ আছে?

(ক) ২ টি (খ) ৩ টি (গ) ৪ টি (ঘ) ৫ টি

২৯। ভাষার উপাদান হিসেবে ধরলে বাক্যের স্থান কততম?

(ক) প্রথম (খ) দ্বিতীয় (গ) তৃতীয় (ঘ) চতুর্থ

৩০। যে-বাগ্ধ্বনি উচ্চারণের সময় ফুসফুস-আগত বাতাস মুখের মধ্যে কোনোভাবে বাধাপ্রাপ্ত হয় না সেগুলোকে কী বলে?

(ক) স্বরধ্বনি (খ) স্বরবর্ণ (গ) ব্যঙ্গনধ্বনি (ঘ) ব্যঙ্গনবর্ণ